# Times Today BD

সিনিয়র রিপোর্টার | অর্থনীতি | 05 May, 2025

নগরের গণ্ডি পেরিয়ে দেশের প্রত্যন্ত অঞ্চলে পৌঁছে গেছে ব্যাংকিং সেবা।সেই পথের সবচেয়ে সফল নাম—এজেন্ট ব্যাংকিং।ব্যাংকে যেতে হয় না, ব্যাংকই যেন এসে গেছে মানুষের হাতের নাগালে।দোকানের এক কোনায় বসে থাকা এজেন্ট এখন একজন আস্থার নাম।সাধারণ মানুষ সেখানে খোলেন হিসাব, রাখেন আমানত, তোলেন টাকা, কখনো নেন ঋণও।ফলে দিন দিন জনপ্রিয় হচ্ছে এই সেবা।বাড়ছে গ্রাহক, বাড়ছে হিসাব।

বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্য বলছে, ২০২৫ সালের ফেব্রুয়ারি শেষে এজেন্ট ব্যাংকিংয়ের আওতায় হিসাবের সংখ্যা দাঁড়িয়েছে ২ কোটি ৪৪ লাখ ৭৬ হাজার, যেখানে এক বছরে নতুন হিসাব বেড়েছে ২৫ লাখের বেশি।গ্রামীণ জনগোষ্ঠীই এর বড় অংশীদার, তাদের খাতায় এখন হিসাবের সংখ্যা ২ কোটির কাছাকাছি।এই সময় নারী গ্রাহকের অংশগ্রহণও চোখে পড়ার মতো—হিসাবের সংখ্যা ছাড়িয়েছে ১ কোটি ২০ লাখ।

তবে সাফল্যের এই পরিসংখ্যানের ছায়ায় রয়ে গেছে কিছু দুর্ভাবনাও। হিসাব বাড়লেও লেনদেন কমছে। এক বছর আগে যেখানে মাসিক লেনদেন ছিল প্রায় ৬৯ হাজার কোটি টাকা, এখন তা নেমে এসেছে ৬২ হাজার কোটির ঘরে।অর্থাৎ কমেছে প্রায় ৭ হাজার কোটি টাকা।একই সঙ্গে ঋণ বিতরণেও দেখা যাচ্ছে পতন।ডিসেম্বরের তুলনায় ফেব্রুয়ারিতে এজেন্ট ব্যাংকিংয়ের মাধ্যমে ঋণ বিতরণ কমেছে দেড় হাজার কোটি টাকা।

গত বছরের ডিসেম্বর থেকে চলতি বছরের ফেব্রুয়ারি পর্যন্ত দেশে এজেন্ট ব্যাংকিংয়ের এজেন্ট কমেছে ১৫৯টি এবং আউটলেট কমেছে ২০৫টি। অথচ এই সময়েই আমানত বেড়েছে ৫ হাজার ৭৭৫ কোটি টাকা। তবে ব্যাংকে মানুষের টাকা রাখার প্রবণতা বাড়লেও লেনদেন কমছে, যা একধরনের জটিল বার্তা দিচ্ছে—ব্যবহার বাড়ছে না, কেবল সঞ্চয় জমছে।

এ বিষয়ে ব্যাংক এশিয়ার সাবেক এমডি আরফান আলী মনে করেন, এজেন্ট ব্যাংকিং শুধু আর্থিক অন্তর্ভুক্তির মাধ্যম নয়, এটি গ্রামীণ অর্থনীতিকে সচল রাখার একটি কার্যকর পথ। বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র আরিফ হোসেন খান বলেন, এই সেবার মূল লক্ষ্যই ছিল ব্যাংক থেকে দূরে থাকা মানুষের কাছে পৌঁছানো, তা এখন সফলভাবে বাস্তবায়ন হচ্ছে।

তবে প্রশ্ন রয়ে যায়, এত হিসাব খোলার পরও কেন কমছে লেনদেন? সেবার বিস্তারে যেমন প্রশংসা পাওয়ার জায়গা আছে, তেমনি তার কার্যকারিতা নিয়ে ভাবারও সময় এসেছে।এজেন্ট ব্যাংকিং শুধু শুরু নয়, এখন এর ভরসা হয়ে উঠতে পারাটাই হবে বড় অর্জন।

এজেন্ট ব্যাংকিং

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:26

URL: https://www.timestodaybd.com/public/economy/1935989495